

**বন্ডেড ওয়্যার
হাউস কারখানা সম্প্রসারণ,
সংকোচন, মেশিনারীজ সংযোজন ও
বিয়োজনের ক্ষেত্রে কি কি দলিলাদি
দাখিলযোগ্য হবে ?**

বন্ডেড ওয়্যার হাউস কারখানা সম্প্রসারণ
ও সংকোচনের জন্য এ দণ্ডরের স্থায়ী
আদেশ নং-১/২০০৯ এর অনুচ্ছেদ ১৬
অনুযায়ী নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করতে

হবে :-

(ক) সার্টিফাইড ইঞ্জিনিয়ার দ্বারা প্রদীপ্ত সংশোধিত
নীল নকশা;

(খ) কারখানা ভবনের চুক্তিপত্র অথবা মালিকানা দলিলের কপি;

(গ) সমিতির সুপারিশ।

কারখানায় মেশিনারীজ স্থাপন/সংযোজনের জন্য আবেদনের এ দণ্ডরের স্থায়ী আদেশ নং-১/২০০৯
এর অনুচ্ছেদ ১৫ অনুযায়ী নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করতে হবে :-

ক) আমদানিকৃত অথবা স্থানীয়ভাবে ক্রয়কৃত মেশিনারিজের আমদানি/ক্রয় সংক্রান্ত দলিলাদি যথা:
বি/ই, এলসি, ইনভয়েস, বিএল/এয়ারওয়ে বিল/ট্রাক চালান, মূসক চালান-১১ এর কপি;

খ) মেশিনারিজ স্থাপনের ঘোষণাপত্র;

গ) মেশিনারিজের ক্যাটালগ;

কারখানায় স্থাপিত মেশিনারীজ কারখান থেকে বিয়োজন/অপসারণের ক্ষেত্রে নিম্নবর্ণিত দলিলাদি
দাখিল করা যেতে পারে :-

(ক) মেশিনারিজের আমদানি/স্থানীয়ভাবে ক্রয় সংক্রান্ত দলিলাদি;

(খ) আমদানিকৃত মেশিনারীজ এসআরও সুবিধায় ইনডেমনিটি বন্ডের মাধ্যমে ছাড় করনো হয়ে
থাকলে উক্ত ইনডেমনিটি বন্ড অবমুক্তি করনোর প্রমান পত্র।